

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মোট সফরকাল (مدة سفر الحج)

২৪শে যুলকা দাহ শনিবার বাদ যোহর মদীনা থেকে রওয়ানা হন ও যুল-হুলায়ফাতে গিয়ে রুছরের সাথে আছর পড়েন এবং সেখানে রাত্রি যাপন করেন। ৩রা যিলহাজ্জ শনিবার সন্ধ্যার প্রাক্কালে মক্কার নিকটবর্তী 'যূ-তুওয়া'(غُونَ) তে অবতরণ করেন ও সেখানে রাত্রি যাপন করেন। পরদিন ৪ঠা যিলহজ্জ রবিবার ৯ দিনের মাথায় মক্কায় পৌঁছেন।[1] অতঃপর ৯ই যিলহজ্জ শুক্রবার পবিত্র হজ্জ অনুষ্ঠিত হয়। তিনি মক্কায় মোট ১০ দিন অবস্থান করেন (বুখারী হা/১০৮১)। ১৪ই যিলহজ্জ বুধবার ফজর ছালাত শেষে মদীনার উদ্দেশ্যে রওয়ানা হন। অতঃপর সপ্তাহকাল সফর শেষে যুল-হুলায়ফাতে পৌঁছে রাত্রি যাপন করেন ও পরদিন মদীনায় পৌঁছেন (যাদুল মা আদ ২/২৭৫)। এভাবে গড়ে ৯ + ১০ + ৮ = ২৭ দিন সফরে অতিবাহিত হয়।

ফুটনোট

[1]. ইবনু সা'দ বলেন, মদীনা থেকে রওয়ানা দেন যুলকা'দাহ মাসের পাঁচদিন বাকী থাকতে (অর্থাৎ ২৫শে যুলকা'দাহ) শনিবার। অতঃপর মক্কার ৮ মাইল দূরবর্তী সারিফ (السَّرِف) নামক স্থানে সোমবার অবতরণ করেন এবং সেখানে রাত্রি যাপন করেন। পরদিন (মঙ্গলবার) তিনি মক্কায় প্রবেশ করেন (ইবনু সা'দ ২/১৩১)। এতে মদীনা থেকে মক্কায় প্রবেশ পর্যন্ত মোট সফরকাল হয় ১১ দিন। সঠিক খবর আল্লাহ ভাল জানেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5736

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন